# জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

## দুর্যোগাক্রান্ত জনগোষ্ঠীকে সহায়তার লক্ষে গৃহ মেরামতসামগ্রী ক্রয়ের জন্য

## টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা জেলায় Save the Children এর সহযোগিতায় জাগোনারী বাস্তাবায়িত **BGD HF- Countrywide Response 2025** শীর্ষক প্রকল্পের আওতায় দুর্যোগে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীকে সহায়তার লক্ষে গৃহ মেরামতসামগ্রী ক্রয়রে জন্য আগ্রহী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| টেন্ডার রেফারেন্স | : | জানা/বর/ PfF&CR-SCI-টেন্ডার/বিডিজবস/ডিসেম্বর ২০২৫ (০৩) |
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | ১৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. |
| টেন্ডার বক্স খোলার তারিখ | : | ১৮ ডিসেম্বর ২০২৫ খ্রি. |
| যে ভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | পত্রিকায় দেয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, প্রাইস কোটেশন ফরম ও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:**

১. Annex 01_Price Quotation Form_08122025 ও Annex 02_Application Form_08122025 প্রতিষ্ঠানের অফিসিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরদাতা প্রতিষ্ঠানকে মুখবন্ধ সিলযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের প্রতিটি পৃষ্ঠা ও আবেদনপত্রে দরদাতা প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকা আবশ্যক;

২. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ সরবরাহকারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়ন পত্র ও পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে;

৩. সরবরাহকারী প্রতিষ্ঠানের কমপক্ষে ১০ লক্ষ টাকা মূল্যের পন্য/মালামাল/উপকরণ সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে;

৪. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

৫. দরপত্রের সাথে সরবরাহ কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;

৬. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য দরপত্রে উল্লেখ থাকতে হবে;

৭. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা-** এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;

৮. দরপত্রের সাথে তারপলিনের স্যাম্পল (৫/৬ ইঞ্চি) পাঠানো আবশ্যক;

৯. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিস্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন।

JAGONARI জাগোনারী

**গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৩০ | |
| স্যাম্পল | ২০ | |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট) | ৩০ | |
| অভিজ্ঞতা (সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও সরবরাহ কাজের টাকার পরিমান বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে) | ১০ | |
| মোট | ১০০ | |

২. স্কোরিং, প্রাক্কলিত বাজেটসহ সার্বিক দিক বিবেচনা করে চুড়ান্তভাবে সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

৩. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**ঘ. উপকরন/মালামাল/পন্যসামগ্রী সরবরাহের নিয়ামাবলী:**

১. সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ/মালামাল/পণ্যসামগ্রী কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনায় পৌঁছে দিবেন;

২. সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ/ক্রয় আদেশ প্রদানের ০৭ কর্মদিবসের মধ্যে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী মালামাল সরবরাহ করতে হবে।

৩. অনিবার্য কারণ বশত: নির্ধারিত সময়ের মধ্যে চাহিদেয় উপকরণ/পন্যসামগ্রী পৌছাতে ব্যর্থ হলে বিলম্বজনিত সরবরাহের উপযুক্ত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান জাগোনারী কর্তৃপক্ষের নিকট সরবরাহের সময়সীমা বর্ধিত করার জন্য লিখিতভাবে আবেদন করতে পারবেন। এ প্রেক্ষিতে চাহিদেয় উপকরণ/পণ্য সরবরাহের বিলম্বজনিত কারণ সঠিক বলে বিবেচিত বা প্রমানিত হলে সরবরাহের সময়সীমা অনুর্ধ ০৫ কর্মদিবস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। তবে বিলম্বজনিত সরবরাহের কারণ উপযুক্ত বলে বিবেচিত না হলে উপকরণ/পণ্য সরবরাহের নির্ধারিত সময়সীমার পর প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

৪. কার্যাদেশ প্রদানের পর কোন উপকরণ/পণ্যের ব্রান্ড পরিবর্তন করতে হলে কার্যাদেশ প্রদানের ০৩ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভালো মানের উপকরণ/পণ্য সরবরাহ করতে হবে।

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী সরবরাহ করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;

২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

১. কোনরূপ ত্রুটিপূর্ণ মালামাল/উপকরন/পন্যসামগ্রী গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ণ মালামাল/উপকরণ/পন্যসামগ্রী ফেরত নিতে বাধ্য থাকবেন এবং জাগোনারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী সমপরিমান মালামাল/উপকরণ/পন্যসামগ্রী পুনরায় সরবরাহ করবেন।

JAGONARI
জাগোনারী

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**

৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষন ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়;

**জ. সংযুক্তি:**

১. Annexure 01: Price Quotation Form

২. Annexure 02: Application Form

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: ০ :::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::